The background of the advertisement features three individuals. On the left, an older woman with short, light-colored hair is smiling and looking at a tablet. In the top right, a man with a beard and short dark hair is smiling while talking on a mobile phone. In the bottom right, a woman with dark curly hair is wearing a light blue surgical mask and looking towards the camera. The central text is overlaid on these images.

এই সার্জারিতে আমাদের সাথে যোগাযোগ করার তিনটি মাধ্যম রয়েছে।

আমাদের সুবিধাজনক, নিরাপদ অনলাইন
ফর্মটি ব্যবহার করুন, আমাদের কল করুন
অথবা প্র্যাকটিসে দেখা করুন।


Your
health
matters

Help us
help you

আমাদের সাথে যোগাযোগ করার সবচেয়ে ভালো মাধ্যমসমূহ

সবাই জানে আজকাল আমাদের সার্জারি আগের থেকে বেশি ব্যস্ত থাকে। এই কারণেই এখন আমাদের সাথে যোগাযোগ করার আরও অনেক মাধ্যম রয়েছে।

আপনি এখন আমাদের ওয়েবসাইটে একটি নিরাপদ অনলাইন ফর্ম ব্যবহার করতে পারবেন। শুধু কয়েকটি প্রশ্নের উত্তর দিন, “send (পাঠান)” এ ক্লিক করুন, আপনার জন্য সঠিক সাহায্য এবং সহায়তা আমরা নিশ্চিত করব। আর, বরাবরের মতো আপনি আমাদের ফোন করে বা আমাদের সাথে দেখা করেও যোগাযোগ করতে পারবেন।



আপনার কাছে ফিরে আসছি

আমাদের সাথে যেভাবেই যোগাযোগ করুন, আমাদের মেডিকেল টিম আপনার অনন্য পরিস্থিতির উপর ভিত্তি করে প্রতিক্রিয়া জানাবে।

পরবর্তী পদক্ষেপগুলি আপনার প্রয়োজন অনুযায়ী উপযোগী করে তোলা হবে: উদাহরণস্বরূপ, এটি হতে পারে সরাসরি অ্যাপয়েন্টমেন্ট, একটি ফোন অথবা ভিডিও-এর মাধ্যমে পরামর্শ অথবা একটি সাধারণ টেক্সট মেসেজ যা আপনাকে রক্ত পরীক্ষার জন্য আসতে আমন্ত্রণ জানাবে।

আপনার স্থানীয় ফার্মেসী টিমের সাহায্য

আপনার স্থানীয় কমিউনিটি ফার্মাসিস্ট ও তাদের টিম সামান্য অসুস্থতায় সাহায্য এবং সহায়তা করতে পারে। নিবেদিত, যোগ্য স্বাস্থ্য পেশাদার ও ঔষুধের বিশেষজ্ঞ হিসেবে, তারা ক্লিনিকাল উপদেশ, পরামর্শ এবং ওভার দ্য কাউন্টার ঔষধ দিয়ে ব্যাপক ধরনের সামান্য স্বাস্থ্য সংক্রান্ত উদ্বেগের নিরাপদ নিয়ন্ত্রণে সহায়তা করতে পারে। অনেক ফার্মেসী রক্তচাপ পরীক্ষা সহ বিবিধ প্রকারের নতুন NHS ক্লিনিকাল পরিষেবাও দেয়।

জরুরি চিকিৎসা সহায়তার জন্য

যদি আপনার জরুরি চিকিৎসা জনিত সমস্যা হয় এবং কী করতে হবে তা আপনার নিশ্চিত জানা না থাকে, সেক্ষেত্রে **NHS 111** সাহায্য করতে পারে। কল করুন অথবা অনলাইনে **111.nhs.uk** এ যান

প্রাণঘাতী জরুরি অবস্থার জন্য, 999 ডায়াল করুন।



আপনাকে সাহায্য করতে, আমাদের সাহায্য করুন

অনলাইনে, ফোনে বা ব্যক্তিগতভাবে সেবার আবেদন করার সময়, আপনি সমস্যা বুঝিয়ে দিলে আমাদের সুবিধা হবে। এটি নিশ্চিত করে যে আপনি সঠিক সময়ে সঠিক ব্যক্তির কাছ থেকে আপনার প্রয়োজনীয় সেবা পাচ্ছেন – উদাহরণস্বরূপ, যে ডাক্তার বা নার্স সাধারণত আপনার চিকিৎসা করেন। যাদের সবচেয়ে বেশি সেবার প্রয়োজন তাদের প্রাধান্য দিতে এটি আমাদের মেডিকেল টিমকে সাহায্য করে।

কী সমস্যা আপনি যদি সেটা বলতে না চান – উদাহরণস্বরূপ, আমাদের অভ্যর্থনা দলের সাথে কথা বলার সময় – তারা সবসময় আপনার গোপনীয়তাকে রক্ষা করবেন। যাইহোক, জিজ্ঞাসা করা তাদের কাজের একটি গুরুত্বপূর্ণ অংশ, তাই আপনার সহায়তার জন্য ধন্যবাদ।

আরও তথ্যের জন্য, সার্জারির ওয়েবসাইট দেখুন বা পরের বার যখন আপনি যোগাযোগ করবেন তখন আমাদের সাথে কথা বলুন।

এই লিফলেট বিকল্প ফরম্যাট ও ভাষায় পাওয়া যায়। আরও তথ্যের জন্য আপনার জিপি প্র্যাকটিসে যোগাযোগ করুন। england.pccomms@nhs.net এর মাধ্যমে ব্রেইল সংস্করণের আবেদন করা যাবে।

প্র্যাকটিসে দেখা করার সময় অনুগ্রহ করে করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধ ব্যবস্থাসমূহ মেনে চলবেন।

Your
health
matters

Help us
help you